

অর্থ ও শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠক শাবি ও যবির সমন্বিত ভর্তি পরীক্ষা বাতিলের দাবি

■ সিলেটে ব্যরণে

সাহজাদা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবি) এবং যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যেবি) সমন্বিত ভর্তি পরীক্ষা নিয়ে স্কুল সিলেটের শিক্ষাবিদরা দুটি ভিন্ন বিশ্ববিদ্যালয়ের একই প্রয়োগে ভর্তি পরীক্ষা নেওয়ার এ পদ্ধতি বাতিলের দাবিতে ওক্রবার অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত ও শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে সাক্ষাৎ করেছেন তারা। এ সময় তারা পৃথকভাবে স্মারকসিপি প্রদান করেন। দুই মন্ত্রী তাদের দাবির সঙ্গে একাত্মতা পোষণ করে বিষয়টি নিয়ে আদোচনা করার আশ্বাস দেন।

সম্প্রতি শাবির ভিসি আমিনুল হক হুইয়া শাবি ও যবির ওজ্জ প্রক্রিয়ায় পরীক্ষা অনুষ্ঠানের পরিপত্র জারি করেন। এ পদ্ধতি বাতিলের দাবিতে কয়েক দিন ধরে সিলেটে বিভিন্ন কর্মসূচি পালন করে আসছে রাজনৈতিক পেশাজীবী ও সামাজিক সংগঠনগুলো। সম্প্রতি শাবির ভিসি এক পরিপত্রের মাধ্যমে সমন্বিত পরীক্ষা অনুমোদন করেন।

ওক্রবার সিলেটের বিশিষ্ট ব্যক্তিত্বা ছোপাদীঘিরপাড় হাফিজ কমরুজ্জো অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় অর্থমন্ত্রী বলেন, জাতীয়ভাবে সমন্বিত ভর্তি পরীক্ষা চালু না হওয়া পর্যন্ত এ ভর্তি পরীক্ষা আয়োজনের সিদ্ধান্ত বাতিল বা স্থগিত করতে কোনো বাধা নেই। এ সময় উপস্থিত ছিলেন জ্ঞানদের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক সোকমান আহমদ, আডভোকেট সময় বিক্রম শেখর ও শফিক আহমদ।